গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, ঝিনাইদহ
(doict.jhenaidah.gov.bd)

## জেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভাপতি : এস.এম রফিকুল ইসলাম
জেলা প্রশাসক, ঝিনাইদহ
সভার তারিখ : ১৩-০৯-২০২৩ খ্রি.
সভার সময় : বেলা ১২:০০ টা
সভার স্থান : 'বৈঠক' Meeting App
উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

'বৈঠক' Meeting App এর মাধ্যমে সংযুক্ত জেলা আইসিটি কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঝিনাইদহ সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে সভার নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১। **গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :** প্রোগ্রামার আগস্ট ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদিত হলো। | |
| ০২। **মাল্টিমিডিয়া ক্লাসরুম:** জেলা শিক্ষা অফিসার জানান যে, ঝিনাইদহ জেলায় ৩৯২টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম সক্রিয় রয়েছে। তিনি উল্লেখ করেন যে, আগস্ট ২০২৩ মাসে ৫৮৮ ক্লাস অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে ৪৬৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ২৬৪টি স্কুলে ডিজিটাল হাজিরা সিস্টেম চালু আছে। | ১) মাল্টিমিডিয়া ক্লাসরুম সচল আছে কি না তা যাচাই করতে হবে।<br>২) শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ এবং জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ |
| ০৩। **ইন হাউজ প্রশিক্ষণ:** জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ জানান যে, এ জেলায় আগস্ট ২০২৩ মাসে ৫৫ টি ইন হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। | ইন হাউজ প্রশিক্ষণের এ ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ ঝিনাইদহ |
| ০৪। **শেখ রাসেল ডিজিটাল ল্যাব:** প্রোগ্রামার বলেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ঝিনাইদহ জেলায় দুইটি পর্যায়ে ১২৬টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং স্কুল অফ ফিউচার স্থাপন করা হয়েছে। | ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) / উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ |
| ০৫। **ওয়েব পোর্টাল হালনাগাদকরণ:** সভায় জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারী দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারী দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদ প্রাথমিক প্রতিবেদন তৈরি করতে হবে। | দপ্তর প্রধান (সকল) / উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ |
| ০৬। **ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি :** সভাপতি, জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসের ই-নথির ব্যবহারের বিষয়ে গুরুত্বারোপ করেন। | ই-নথির কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ |
| ০৭। **"সুরক্ষা" APPs:** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহ বলেন যে, কোভিড-১৯ টিকার নিবন্ধনের জন্য আইসিটি বিভাগ কর্তৃক তৈরীকৃত "সুরক্ষা" সিস্টেম ব্যবহার করা হচ্ছে। আগস্ট ২০২৩ মাসে এ কার্যালয় থেকে ৭১ টি টিকা কার্ড সংশোধন করা হয়। | টিকা গ্রহণকারী ব্যক্তিদের প্রমাণক জমা প্রদানের শর্তে ভুল তথ্য সংশোধন করতে হবে। | প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ |

চলমান পাতা-২

| | | |
|---|---|---|
| ০৮। **ইউনিয়ন ডিজিটাল সেন্টার সম্পর্কিত:** সভাপতি বলেন যে, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে নিয়মিত আয় ব্যয় সংক্রান্ত তথ্য 'একসেবা'য় নিয়মিত আপলোড করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসারকে নিয়মিত পরিদর্শন/দর্শন করতে হবে।<br>২) আয়-ব্যয়ের তথ্য নিয়মিত 'একসেবা'তে আপলোড করতে হবে। | উপপরিচালক, স্থানীয় সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) / উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ |
| ০৯। **সিটিজেন চার্টার:** মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্ধারিত কলামে সকল দপ্তরকে সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে। | সিটিজেন চার্টার ওয়েব পোর্টালে আছে কি না তা যাচাই করতে হবে। | প্রোগ্রামার, ঝিনাইদহ |
| ১০।**অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত:** সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রাপ্ত অভিযোগগুলি নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, ঝিনাইদহ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৯/২০২৩

এস.এম রফিকুল ইসলাম
জেলা প্রশাসক
ঝিনাইদহ
☎ ০২৪৭৭৭৪৬৮৮৮
E-mail: dcjhenaidah@mopa.gov.bd

স্মারক নম্বর-৫৬.০৪.৪৪০০.০০০.০৬.০০১.২২.৫৪(৫০)

তারিখ : ২৯ ভাদ্র ১৪৩০ ব.
১৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

<u>অনুলিপি: সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঝিনাইদহ-১, ২, ৩ ও ৪ আসন ও উপদেষ্টা জেলা আইসিটি কমিটি, ঝিনাইদহ
০২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
০৪। পুলিশ সুপার, ঝিনাইদহ
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর/শৈলকুপা/ হরিণাকুন্ডু/কালীগঞ্জ/কোটচাঁদপুর/মহেশপুর, ঝিনাইদহ
০৮। অধ্যক্ষ, ................................................................, ঝিনাইদহ
০৯। জেলা .................................................. কর্মকর্তা, ঝিনাইদহ
১০। সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, ........................., ঝিনাইদহ
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার.........................., ঝিনাইদহ
১২। জনাব .......................................................................................

১৭/০৯/২০২৩

এস.এম রফিকুল ইসলাম
জেলা প্রশাসক
ঝিনাইদহ